

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 18-06-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

.....

PM Kishan :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পিএম-কিষাণ প্রকল্পের ১৭তম কিস্তি প্রদান করবেন। বারাণসীতে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৯ কোটি ২৬ লক্ষেরও বেশি কৃষকের একাউন্টে ২০ হাজার কোটি টাকারও বেশি প্রদান করবেন। তাছাড়া, প্যারা এক্সটেনশন কর্মী হিসাবে কাজ করার জন্য কৃষি সখী হিসাবে প্রশিক্ষণপ্রাপ্ত ৩০,০০০টিরও বেশি স্বনির্ভর গোষ্ঠীকে শংসাপত্র বিতরণ করবেন প্রধানমন্ত্রী।

Kanchanjangha Express :

নির্দিষ্ট সময়ে সাব্রুম থেকে আগরতলার উদ্দেশ্যে রওয়ানা হল কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। আজ সকাল ৬ টা ২০ মিনিটে সাব্রুমের স্টেশন মাস্টার সবুজ পতাকা নেড়ে যাত্রার সূচনা করেন। প্রচুর মানুষ সকালে সাব্রুম রেলস্টেশনে উপস্থিত ছিলেন এই

ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে। স্টেশন সূত্রে খবর, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে স্টেশন থেকেই এদিন ৬০০ জন যাত্রী টিকিট কিনে নিজেদের গন্তব্যে রওয়ানা হয়েছেন। গতকাল রাতে নির্ধারিত সময়ের কিছু পরে ট্রেনটি সাব্রুম স্টেশনে ঢোকানোর সময়ে স্থানীয় মানুষজন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসকে স্বাগত জানান।

Smart Community Toilet :

সেকেরকোট সংলগ্ন ছনখলা উচ্চ বিদ্যালয়ে রাজ্যের প্রথম স্মার্ট শৌচাগারের গতকাল আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। উপস্থিত ছিলেন এনবিআইআরটি-র সভাপতি ডঃ শান্তিপদ গন চৌধুরী, আইআইইএসটি-র প্রজেক্ট ইনভেস্টিগেটর অধ্যাপক কনিকা দাস ভট্টাচার্য, গ্রামপ্রধান দিপ্তী দে, ছনখলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সনিতা দেববর্মা সহ অন্যরা। এনবিআইআরটি এর সভাপতি শ্রী চৌধুরী জানান, ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সহযোগিতায় সারা দেশে স্মার্ট কমিউনিটি টয়লেট নির্মানের কাজ শুরু হয়েছে। যার প্রথমটি নির্মিত হয়েছে ত্রিপুরা রাজ্যের সেকেরকোট সংলগ্ন ছনখলা উচ্চ বিদ্যালয়ে। তিনি আরও জানান, স্মার্ট টয়লেটে সৌরশক্তির মাধ্যমে জল উত্তোলন হবে। সর্বক্ষণ ট্যাঙ্কে জল থাকবে। টয়লেটের দরজা খোলা মাত্রই আলো জ্বলবে, পাখা চলবে। আবার দরজা বন্ধ করলেই এগুলো বন্ধ হয়ে যাবে

Ganja Paddler :

গতকাল সন্ধ্যায় আগরতলা রেল ষ্টেশনে ২১ কিলো গাঁজা সহ বিহারের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, একটি ট্রলি ব্যাগে তল্লাশি করে এই গাঁজা উদ্ধার হয়েছে। ধৃত যুবকের বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা নেওয়া হয়েছে।

Maan Ki Baat :

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১ তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামী ২৮শে জুন পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম ও নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

WOMEN FOOTBALL :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের আসর আজ থেকে শুরু হচ্ছে। উদ্বোধনী ম্যাচে চলমান সংঘ খেলবে আনন্দনগর প্লে সেন্টারের বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেল তিনটায় আসরের উদ্বোধন হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিধায়িকা কল্যাণী রায়। বলে পা লাগিয়ে আসরের সূচনা করবেন প্রাক্তন ফুটবলার কবিতা জমাতিয়া। এ বছর আসরে অংশ নিয়েছে ৬টি দল। ডবল লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

STATE LEVEL CRICKET :

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের খেলায় আজ শান্তিরবাজার ও কৈলাসহর মুখোমুখি হবে। ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে হবে ম্যাচটি। এদিকে, প্লেট গ্রুপের আজ আরো চারটি ম্যাচ বিভিন্ন মাঠে হবে।

Heatwave :

পঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড় দিল্লি জম্মু, হিমাচল প্রদেশ, রাজস্থান, বিহার ও ঝাড়খণ্ডে আগামী ২০ জুন পর্যন্ত তাপপ্রবাহ অব্যাহত থাকবে। ভারতীয় আবহাওয়া বিভাগ থেকে গতকাল এসংবাদ জানানো হয়েছে।

WEATHER :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, রাজ্যে আকাশ প্রধানত: মেঘলা থাকবে। বিভিন্ন এলাকায় বজ্র-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রী ও সর্বনিম্ন ২৭ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রী সেলসিয়াস।
